আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তবে ইশারা ইঙ্গতে করতে পারবে এবং তোমার পালনকর্তাকে অধিক পরিমাণে স্মরণ করবে আর সকাল-সন্ধ্যা তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষনা করবে।
সূরা আল ইমরান ৪১

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১৮ মে ২০২৬ ॥ ২৯ জিলক্বদ ১৪৪৭ ॥ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট


এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

## ১ জুলাই থেকে নতুন পে-স্কেল কার্যকরের নীতিগত সিদ্ধান্ত

কীর্তনখোলা ডেস্ক
সরকারি চাকরিজীবীদের জন্য বহুল প্রতীক্ষিত নবম জাতীয় বেতন কাঠামো (পে-স্কেল) আগামী ১ জুলাই থেকে কার্যকর ২ এর পাতায় দেখুন



## ড. ইউনূস সরকারের ১৮ মাসের কর্মকাণ্ডের তদন্ত চেয়ে রিট

কীর্তনখোলা ডেস্ক
অধ্যাপক ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের ১৮ মাসের সময়ের কর্মকাণ্ডের তদন্ত চেয়ে রিট করা হয়েছে। রোববার (১৭ মে) ২ এর পাতায় দেখুন



## আইনশৃঙ্খলার এই ধারা অব্যাহত থাকলে সরকার নাই হয়ে যাবে

কীর্তনখোলা ডেস্ক
কুমিল্লা-৪ (দেবিদ্বার) আসনের সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ ২ এর পাতায় দেখুন



## হাদি হত্যা মামলা পুনঃতদন্ত প্রতিবেদন দাখিল ফের পিছিয়েছে

কীর্তনখোলা ডেস্ক
ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদিকে গুলি করে হত্যার মামলায় অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিলের ২ এর পাতায় দেখুন

# বরিশালে সড়কে পশুর হাট বসা নিষিদ্ধ

কীর্তনখোলা রিপোর্ট
আসন্ন ঈদুল আজহা উপলক্ষে জনদুর্ভোগ ও যানজট নিরসনে সড়ক ও মহাসড়কে পশুর হাট বসানো সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে বরিশাল জেলা প্রশাসন। রোববার সকাল ১০টায় জেলা প্রশাসকের সভাকক্ষে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতির বক্তব্যে এমন নির্দেশনা দেন জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমন। জেলা প্রশাসক জানান, জনগণের নিরাপদ চলাচল নিশ্চিত করতে এবার নির্ধারিত স্থান ছাড়া কোথাও পশুর হাট বসতে দেয়া হবে না। সড়ক দখল করে পশুর হাট বসালে যানজট সৃষ্টি হয় এবং দুর্ঘটনার ঝুঁকি বেড়ে যায়। তাই মহাসড়ক, আঞ্চলিক সড়ক ও শহরের গুরুত্বপূর্ণ এলাকায় অবৈধ পশুর হাট বসালে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। সভায় আরো জানানো হয়, এ বিষয়ে ইতোমধ্যে স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে নিয়মিত তদারকির নির্দেশ দেয়া হয়েছে। নির্ধারিত ইজারাকৃত হাটে স্বাস্থ্যবিধি, নিরাপত্তা ও পরিচ্ছন্নতার বিষয় নিশ্চিত করা হবে। পাশাপাশি ক্রেতা-বিক্রেতাদের সুবিধার্থে জালটাকা শনাক্তকরণ মেশিন, পর্যাপ্ত পানি, পশু চিকিৎসা ও নিরাপত্তা ব্যবস্থা রাখা হবে। সভায় জানানো হয়, শহরাঞ্চলে নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই করতে হবে। পশুর রক্ত, মল-মূত্র, নাড়িভূড়ি চারিদিকে ছড়িয়ে পরিবেশের ক্ষতি না করার জন্য সতর্ক করা হয়। সমন্বয় সভায় জেলা মৎস্য দপ্তরের সিনিয়র সহকারী পরিচালক শমীর কুমার বসাক জানান, হিজলা ও মেহেন্দীগঞ্জ জলসীমায় ১১ জুন পর্যন্ত সামুদ্রিক মাছ ধরা নিষেধ। এই এলাকায় প্রতি জেলে পরিবারকে ৬০ কেজি করে চাল দেয়া হয়েছে। জেলা সিভিল সার্জন ডা. এস. এম. মনজুর-এ-এলাহী জানান, বরিশালে হাম-রুবেলায় বর্তমানে কোন শিশুর প্রাণহানির ঘটনা নেই। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসকরা যথাযথভাবে দায়িত্ব পালন করছেন। চিকিৎসাসেবা ব্যাহত না হয় সে জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত ২ এর পাতায় দেখুন




## বরিশালে হাম ও উপসর্গে মৃত্যু বেড়ে ৩২

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিভাগে ক্রমেই ভয়াবহ হয়ে উঠছে হামের প্রাদুর্ভাব। প্রতিদিনই বাড়ছে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। গত ২৪ ঘণ্টায় আরও এক শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে বিভাগজুড়ে হাম উপসর্গে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩২ জনে। এর মধ্যে ২২ জনের মৃত্যু হয়েছে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। রবিবার (১৭ মে) সকালে হাসপাতাল পরিচালকের কার্যালয় বিষয়টি নিশ্চিত করেছে। সবশেষ মারা যাওয়া শিশুটি পটুয়াখালী সদর উপজেলার বড় বিঘাই এলাকার বাসিন্দা মো. কাওসার ২ এর পাতায় দেখুন



জুলাই সনদ নিয়ে বিএনপির বিরুদ্ধে অপপ্রচারের প্রতিবাদে নগরীর বিভিন্ন সড়কে লিফলেট বিতরণ করেন মহানগর বিএনপির নেতৃবৃন্দ -কীর্তনখোলা

# মুলাদীতে মাদক বিক্রির টাকা নিয়ে দ্বন্দ্বে তরুণ খুন

হুমায়ুন কবির , মুলাদী
বরিশালের মুলাদী উপজেলায় মাদক বিক্রির টাকা নিয়ে দ্বন্দ্বে প্রতিপক্ষের ছুরিকাঘাতে এক তরুণের মৃত্যু হয়েছে। ঘটনার পর পুলিশ তিনজনকে আটক করেছে। রোববার বেলা পৌনে ৩টার দিকে বালিয়াতলী এলাকায় এ ঘটনা ঘটেছে বলে মুলাদী থানার ওসি একেএম সোহেল রানা জানিয়েছেন। নিহত মো. আল আমিন হাওলাদার (২৩) উপজেলার দক্ষিণ বালিয়াতলী গ্রামের হানিফ হাওলাদারের ছেলে। মুলাদী উপজেলার সফিপুর ইউনিয়নের দফাদার খাইরুল ইসলাম বলেন, যে মারা গেছে ও যারা মারছে। সবাই মাদক সেবন ও কেনা-বেচার সাথে জড়িত। দুই মাস আগে আল আমিনকে বোয়ালিয়া ফাড়ি পুলিশ মাদকসহ আটক করেছিলো। কয়েকদিন আগে সে ২ এর পাতায় দেখুন

## মঠবাড়িয়ায় ছয়জনকে অজ্ঞান করে স্বর্ণলংকার ও টাকা লুট

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়ায় দু'টি বসত ঘরের খাবারের সাথে চেতনা নাশক ওষুধ মিশিয়ে ছয়জনকে অচেতন করে নগর টাকা ও স্বর্ণালংকার নিয়ে গেছে দুর্বৃত্তরা। ঘটনাটি ঘটেছে শনিবার রাতে উপজেলার ধানাসাফা ইউনিয়নের পাইক বাড়িতে। সরেজমিনে গিয়ে জানাগেছে, সাফা ডিগ্রি কলেজের প্রধান অফিস সহকারী জীবন পাইকের বসত ঘরে শনিবার রাতে দুর্বৃত্তরা সুকৌশলে খাবারের সাথে চেতনা নাশক ওষুধ মিলিয়ে রেখে যায়। এরপর তারা রাতের খাবার খাওয়ার ২ এর পাতায় দেখুন

## বিষখালী নদীতে বড়শিতে ধরা পড়ল ২০ কেজির ডলফিন

বরগুনা প্রতিনিধি
বরগুনার বেতাগী উপজেলার বিষখালী নদীতে একটি বড় আকৃতির ধূসর বর্ণের ডলফিন ধরা পড়েছে। শনিবার সন্ধ্যার বেতাগী ফেরিঘাট সংলগ্ন বিষখালী নদীতে স্থানীয় এক জেলের বড়শিতে প্রায় ২০ কেজি ওজনের ডলফিনটি ধরা পড়ে। স্থানীয় সূত্রে জানা যায়, প্রতিদিন বেতাগী ফেরিঘাট সংলগ্ন বিষখালী নদীতে কয়েকজন জেলে মাছ ধরেন। সন্ধ্যায় নদীর মাঝামাঝি এলাকায় একটি বড় আকৃতির ডলফিন (শুশুক) বড়শিতে আটকে যায়। খবর ছড়িয়ে পড়লে আশপাশের বিভিন্ন এলাকা থেকে উৎসুক মানুষ ডলফিনটি দেখতে ফেরিঘাটে ভিড় করে। প্রত্যক্ষদর্শী সুমন পাটনী বলেন, সন্ধ্যায় ফেরিঘাটে গিয়ে দেখি জেলেদের বড়শিতে একটি ডলফিন ধরা পড়েছে। প্রথমে অনেকে এটিকে শনাক্ত করতে পারছিল না। এই সময়ের মধ্যে ডলফিনটি মারা যায়। পরে কয়েকজন সেটিকে নিয়ে চলে গেছে। জেলে জলিল মৃধা বলেন, 'ডলফিনটি বড়শিতে আটকে যাওয়ার ২ এর পাতায় দেখুন




নগরীর পলাশপুরে জসিম সিকদার বাবু হত্যাকারীদের বিচারের দাবিতে মানববন্ধন -কীর্তনখোলা

## ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বরিশালের ৪২ উপজেলায় ৩ দিনের ভূমিসেবা মেলা

কীর্তনখোলা রিপোর্ট
ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ১৯ থেকে ২১ মে সারাদেশের ন্যায় বরিশালের ৪২টি উপজেলায় তিন দিনব্যাপী ভূমিসেবা মেলা অনুষ্ঠিত হবে। মেলা উপলক্ষে রবিবার বরিশাল সার্কিট হাউজের সম্মেলন কক্ষে অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ আহসান হাবিব সাংবাদিকদের কাছে এক প্রেস ব্রিফিং করেন। এ সময় অতিরিক্ত বিভাগীয় কমিশনার জানান, দেশের সার্বিক ভূমি ব্যবস্থাপনাকে জনবান্ধব, স্বচ্ছ ও সহজলভ্য করার অভিপ্রায়ে নতুন প্রযুক্তিনির্ভর ডিজিটাইজড ভূমিসেবা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ মেলা আয়োজন করা হবে। মেলার মূল উদ্দেশ্য ডিজিটাল পদ্ধতিতে জনগণের ভূমি সেবা প্রাপ্তি নিশ্চিত করা, স্বচ্ছ, দ্রুত ও দূর্নীতিমুক্ত ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখা এবং নতুন প্রযুক্তিনির্ভর সেবার সঙ্গে জনগণের সরাসরি পরিচয় ঘটানো। ২ এর পাতায় দেখুন

## ১১৬ জুয়ার সাইট বন্ধে বিটিআরসিতে তালিকা দিলো সিআইডি

কীর্তনখোলা ডেস্ক
অনলাইন জুয়ার সঙ্গে জড়িত ১১৬টি ওয়েবসাইট শনাক্ত করে সেগুলো বন্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে (বিটিআরসি) তালিকা পাঠিয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। রোববার (১৭ মে) রাজধানীর মালিবাগে সিআইডি হেডকোয়ার্টার্সে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সিআইডি পুলিশের অতিরিক্ত আইজিপি মোসলেহ্ উদ্দিন আহমেদ। অনলাইন জুয়ার সাইট পরিচালনা করে বিদেশে কোটি টাকা ২ এর পাতায় দেখুন

## উপাচার্যের আশ্বাসে ববিতে শাটডাউন প্রত্যাহার

ববি প্রতিনিধি
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মামুন অর রশিদের আশ্বাসে অ্যাকাডেমিক শাটডাউন প্রত্যাহার করেছেন শিক্ষকরা। শনিবার শিক্ষক সমাজের প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছুটির মধ্যেও ক্লাস ও পরীক্ষা চালিয়ে নেওয়ার সিদ্ধান্তের কথাও জানানো হয়েছে। পদোন্নতির দাবিতে গত ১০ মে দ্বিতীয় দফায় অ্যাকাডেমিক শাটডাউন কর্মসূচি শুরু করেন শিক্ষকরা। একই সময়ে সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলমকে অবাঞ্ছিত ঘোষণা করা হয়। আন্দোলনের অংশ হিসেবে প্রশাসনিক বিভিন্ন দপ্তরে তালা ঝুলিয়ে দেওয়া হলে বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ হয়ে যায়। এতে বিভিন্ন বিভাগের ৪৬টি ফাইনাল পরীক্ষাও স্থগিত হয়। এর মধ্যে ১৪ মে ২ এর পাতায় দেখুন



## ববির শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক সেলিনাকে বরখাস্ত

ববি প্রতিনিধি
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক সেলিনা বেগমকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রোববার (১৭ মে) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. হুমায়ুন কবির স্বাক্ষরিত এক অফিস আদেশে বিষয়টি জানানো হয়েছে। অফিস আদেশে জানানো ২ এর পাতায় দেখুন




## বরিশালে মাসুমা হাদি ইউনূস সরকার ওসমান হাদির রক্তের সঙ্গে বেইমানি করেছে

কীর্তনখোলা রিপোর্ট
শহীদ শরীফ ওসমান হাদির বোন মাসুমা হাদি বলেছেন, বর্তমান সরকার শহীদ ওসমান হাদির রক্তের ওপর ভর করে ক্ষমতায় এসেছে। আর ইউনূস সরকার ওসমান হাদির রক্তের সঙ্গে বেইমানি করেছে গেছে। আপনারাও (বিএনপি সরকার) যদি মনে করেন ভারতের তাঁবেদারি করে পাঁচ বছর ক্ষমতায় টিকে থাকবেন, তাহলে জনগণ তা মেনে নেবে না। রোববার (১৭ মে) বেলা ১১টার দিকে বরিশাল নগরীর সদর রোডের টাউন হলের সামনে আয়োজিত বিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন। ভারতের সংখ্যালঘু মুসলিম নিধন, সীমান্তে হত্যাকাণ্ডের প্রতিবাদ এবং শহীদ শরীফ ওসমান হাদির হত্যাকারীদের বিচারের দাবিতে 'বরিশালের সর্বস্তরের শিক্ষার্থীদের' ব্যানারে এ সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মাসুমা হাদি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান প্রথমে ২ এর পাতায় দেখুন

## আড়াই কেজির 'রাজা ইলিশ' বিক্রি হলো প্রায় ১১ হাজারে

ভোলা প্রতিনিধি
ভোলার দৌলতখানের মেঘনা নদীতে রুবেল মাঝি নামের এক জেলের জালে ধরা পড়লো আড়াই কেজি ওজনের একটি রাজা ইলিশ। পরে নিলামে মাছটি ১০ হাজার টাকায় বিক্রি করা হয়। শনিবার (১৬ মে) সন্ধ্যায় উপজেলার মেদুয়া ইউনিয়নের মাঝিরহাট মাছঘাটে নিলামে বিক্রি করা হয়। জানা গেছে, শনিবার সকালে ৭ জন মাঝিমাল্লা নিয়ে মেঘনা নদীতে মাছ শিকারে যান রুবেল মাঝি। জাল ফেলে মাছ ধরার সময় অন্যান্য মাছের সঙ্গে ২ এর পাতায় দেখুন

বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |




## ইউজিভি-বিডিএ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা চ্যাম্পিয়ন সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ

কীর্তনখোলা রিপোর্ট
তরুণদের যুক্তি, বাগ্মিতা ও মননশীল চিন্তার প্রতিযোগিতা "ইউজিভি-বিডিএ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা-২০২৬"-এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে সরকারী সৈয়দ হাতেম আলী কলেজ এর 'এ' টিম। বিভাগের ১৪টি কলেজের অংশগ্রহণে আয়োজিত এ প্রতিযোগিতার ফাইনালে ঝালকাঠি সরকারি মহিলা কলেজকে পরাজিত করে শিরোপা জিতে নেয় দলটি। প্রতিযোগিতার আয়োজন করে বরিশাল ডিবেট এসোসিয়েশন (বিডিএ) ও University of Global Village (ইউজিভি)। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

### প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯


# ভারতের পানিসন্ত্রাস এবং ফারাক্কা লংমার্চ

মাহমুদ ইউসুফ

শেষ পর্ব

৩
হিরোশিমা-নাগাসাকিতে আমেরিকার অ্যাটম বোমার বিপরীতে ভারতের পানিবোমায় বাংলাদেশের ক্ষয়-ক্ষতি লাখ কোটি গুণ বেশি। আরও হতে থাকবে যতদিন না ইহা ভেঙে ফেলা না হয়। মাওলানা ভাসানীর সুদীর্ঘ রাজনৈতিক জীবনের প্রধান ঘটনা 'ফারাক্কা লংমার্চ' সংগঠিত করা। ৯০ বছর বয়সী বয়োবৃদ্ধ যা করেছিলেন, আজ আমরা কোটি কোটি তরুণ তা করতে ব্যর্থ হচ্ছি। ফরহাদ মজহার লিখেছেন: ''বাংলাদেশের সর্বনাশ ঘটছে এটা তার চেয়ে স্পষ্ট করে কেউই বোঝে নাই।''

১৯৭৬ সালের ১৬ মে ফারাক্কায় অবরুদ্ধ বাংলার জীবনরেখা পদ্মা নদীকে অবমুক্ত করার মহান অভিলক্ষ্যে মাওলানা ভাসানীর নেতৃত্বে সংগঠিত হয় ঐতিহাসিক ফারাক্কা লংমার্চ। বছরের গোড়ার দিকে মাওলানা বার্ধক্যজনিত অসুস্থতার কারণে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। ১৮ এপ্রিল হাসপাতাল থেকে ফেরার পর ঘোষণা দেন ফারাক্কা অভিমুখে তিনি লংমার্চ করবেন। ২ মে মাওলানা ভাসানীকে প্রধান ৩১ সদস্যবিশিষ্ট 'ফারাক্কা মিছিল পরিচালনা জাতীয় কমিটি' গঠিত হয়। লংমার্চের আগে তিনি ইন্দিরা গান্ধির কাছে চিঠি লিখেন। চিঠি তৈরিতে সাহায্য করেন সাংবাদিক এনায়েতুল্লাহ খান, আনোয়ার জাহিদ ও সিরাজুল হোসেন খান।




ফারাক্কা লংমার্চ শুধু মিছিল বা শোভাযাত্রা ছিলো না। ছিলো অধিকার আদায়ের মহাসংগ্রাম। রাজশাহী মাদরাসা ময়দান থেকে শুরু হয় লংমার্চ। প্রায় ৫০ হাজার প্রত্যয়দীপ্ত পদাতিকের রাজশাহী টু কানসাট সীমান্ত অবধি ৪৪ মাইল পদযাত্রা শেষে বিশাল জনসমুদ্রে মাওলানা সেদিন বিশ্বজনতার প্রতি বলেছিলেন: ''গঙ্গার পানিতে বাংলাদেশের ন্যায্য হিস্যার ন্যায়সঙ্গত দাবি মেনে নিতে ভারত সরকারকে বাধ্য করার জন্য আমাদের আন্দোলন, আমি জানি, এখানেই শেষ নয়।'' তিনি দ্ব্যর্থহীন কণ্ঠে আরো বলেন, 'ভারত সরকারের জানা উচিত, বাংলাদেশীরা আল্লাহ ছাড়া কাউকে ভয় পায় না, কারও হুমকিকে পরোয়া করে না। যে কোনো হামলা থেকে মাতৃভূমিকে রক্ষা করা আমাদের দেশাত্মবোধক কর্তব্য এবং অধিকার।'

ভাসানীর লংমার্চের এক যুগ পর ১৯৮৯ সালের ২৫ মে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গঙ্গার পানির ন্যায্য হিস্যার দাবিতে ফারাক্কা মিছিলের ডাক দেন। শিবগঞ্জ থেকে কানসাট পর্যন্ত প্রায় ১০ কিমি পথ পায়ে হেঁটে এই মিছিলের নেতৃত্ব দেন। বিএনপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ এই মিছিলে অংশগ্রহণ করেন। মিছিল শেষে কানসাট কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত সভায় বেগম জিয়া বলেন:
''আন্তর্জাতিক নীতি লঙ্ঘন করে ভারত একতরফাভাবে গঙ্গার পানি প্রত্যাহার করায় খরা মওসুমে দেশের নদীগুলো শুকিয়ে যায়। অপরদিকে বর্ষার সময় বন্যার পানিতে দেশ সয়লাব হয়ে যায়। পরিণতিতে উত্তরাঞ্চলের মানুষ দিশেহারা হয়ে পড়েছে। ফারাক্কা বাঁধ দেয়ার ফলে বড়ভাই সুলভ আচরণে ভারতের ওপর বাংলাদেশের মানুষ ক্ষুব্ধ। ... বাংলাদেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখতে হলে ভারতকে গঙ্গার পানির ন্যায্য হিস্যা দিতে হবে।''

৪
গ্রহণযোগ্য পদক্ষেপ:
১. জাতিসংঘসহ আন্তর্জাতিক সকল ফোরামে ভারতের পানি আগ্রাসনের বিস্তারিত তথ্য, তত্ত্ব-উপাত্ত তুলে ধরা।
২. যৌথ নদী কমিশনে নেপাল, ভুটান, পাকিস্তান ও চীনকে সংযুক্তকরণ।
৩. প্রচার মাধ্যমে ফারাক্কাবাঁধের কুফল, অভিশাপ ও ক্ষতিকর দিকসমূহ তুলে ধরতে হবে। প্রতিবাদে গল্প, উপন্যাস, নাটক, কবিতা, গান রচনা ও পরিবেশনা। পাঠ্যপুস্তক, নাটক, ফিল্ম, ডকুমেন্টারিতে ভারতের পানি সন্ত্রাসের যথাযথ চিত্র তুলে ধরা।
৪. চীনের অর্থসংস্থান হোক বা নিজস্ব অর্থায়নে হোক অতিদ্রুত গঙ্গা ও তিস্তা ব্যারাজ প্রকল্প বাস্তবায়ন।
৫. কূটনৈতিক তৎপরতা জোরালোকরণ। আন্তর্জাতিক জনমত গঠন। এ বিষয়ে দূতাবাসগুলোতে কঠিন নির্দেশনা প্রদান।
৬. সংসদ অধিবেশনে ফারাক্কা বাঁধের বিরুদ্ধে প্রস্তাব উত্থাপন। ফারাক্কাসহ ভাটিতে প্রবাহিত ভারতসৃষ্ট সকল নদীর বাঁধ ভেঙে ফেলার জোরালো আহ্বানসম্বলিত প্রস্তাব গ্রহণ। একই সাথে রাষ্ট্রীয় প্রধান সমস্যা 'ফারাক্কা বাঁধ' প্রতিরোধ করতে ভারতীয় পানি আগ্রাসনের বিরুদ্ধে জাতীয় ঐক্যের ডাক।
৭. অবিলম্বে আন্তর্জাতিক নদী আইন স্বাক্ষর করা। অতঃপর আন্তর্জাতিক আদালতে মামলা দায়ের, যাতে সারা দুনিয়ার নৈতিক সমর্থন বাংলাদেশের পক্ষে আসে।

১৯৭৬ সালের ১৬ মে মাওলানা ভাসানী ফারাক্কা লংমার্চের ভাষণে বলেছিলেন: ''শিশুর যেমন মায়ের দুধে অধিকার পানির উপর তোমাদের তেমনি অধিকার। তোমরা জাগ্রত হও, তোমাদের প্রকৃতি প্রদত্ত অধিকার যে হরণ করেছে তার বিরুদ্ধে উঠে দাঁড়াও।'' রাজনৈতিক ভিন্নমত থাকতে পারে, কিন্তু নদী রক্ষা প্রশ্নে কোনো বিভেদ নয়। সচেতনতা বৃদ্ধিতে লিফলেট প্রচার, হ্যান্ডবিল, পোস্টার, বুকলেট, ব্যানার, মানববন্ধন, মিছিল, মিটিং, ভারতীয় পণ্য বর্জন, মসজিদে খুতবা ইত্যাদি কার্যক্রম ধারাবাহিকভাবে চালিয়ে যাওয়া। ৬৪ জেলা থেকে লংমার্চ করতে হবে ফারাক্কা পয়েন্টে। সাধারণ কণ্ঠস্বরগুলোকে বলিষ্ঠ কণ্ঠস্বরে বলবান করতে হবে। নারী, পুরুষ, শিশু, বৃদ্ধসহ সকল শ্রেণি-পেশার মানুষকে ঘর থেকে বেরিয়ে আসতে হবে। প্রতিবাদের ভাষা হবে।

লেখক: ইতিহাস গবেষক

## ভাণ্ডারিয়া ভাঙ্গারি ব্যবসায়ীদের

ব্যবসায়ীরা। ভাঙ্গারি ব্যবসার সঙ্গে অনেক সময় বিভিন্ন ধরনের চুরি হওয়া বা সন্দেহজনক মালামাল কেনা-বেচার অভিযোগ উঠে আসে। এসব অনিয়ম প্রতিরোধের পাশাপাশি ভাঙ্গারি ব্যবসায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা নিশ্চিত করতে প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। এসব নির্দেশনা বাস্তবায়নে প্রশাসন কঠোর অবস্থানে থাকবে এবং কোনো ধরনের অনিয়ম বা আইন লঙ্ঘনের ঘটনা পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানানো হয়।

## খালেদা জিয়াকে উপহার দেওয়া ষাঁড়টি

রেখে সেই আলোচিত "কালো মানিক" বিক্রির সিদ্ধান্ত নিয়েছেন গরুটির মালিক কৃষক সোহাগ মৃধা। প্রায় ৪৪ মণ ওজনের এই বিশালদেহী ষাঁড়টি ইতোমধ্যেই জেলার অন্যতম আলোচিত কোরবানির পশুতে পরিণত হয়েছে। ফ্রিজিয়ান প্রজাতির ১২ ফুট লম্বা ও সাড়ে ৫ ফুট উচ্চতার গরুটির দাম হাঁকানো হচ্ছে ২২ লাখ টাকা। শুধু গরুই নয়, এর সঙ্গে একটি বড় ব্ল্যাক বেঙ্গল প্রজাতির অর্ধলাখ টাকা মূল্যের ছাগল উপহার দেওয়ারও ঘোষণা দিয়েছেন সোহাগ। শুক্রবার (১৫ মে) সরেজমিনে গিয়ে দেখা যায়, মির্জাগঞ্জ উপজেলার আমড়াগাছিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড উত্তর ঝাটিবুনিয়ায় কৃষক সোহাগ মৃধার বাড়িতে যেন ছোটখাটো মেলা বসেছে। বিভিন্ন এলাকা থেকে মানুষ আসছেন শুধুমাত্র "কালো মানিক"-কে এক নজর দেখার জন্য। খামারে গিয়ে দেখা যায়, গরুটির পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন সোহাগ মৃধা ও তার স্ত্রী সুলতানা বেগম। পরিবারের সদস্যরাও যেন কালো মানিককে ঘিরেই দিন কাটান। সোহাগের ছোট ছেলে জিসান গরুটির পিঠে উঠে চিরুনি দিয়ে লোম আচড়ে দিচ্ছেন, বিশাল দেহের গরুটি মাঝে মধ্যেই হাম্বা ডাক দিচ্ছে আবার কিছুক্ষণ শো শো শব্দ করছে। পাশ থেকে আরিফ নামে স্থানীয় একজন বলে উঠলেন, ভাই, ওর ডাক প্রায় দেড় কিলোমিটার দূর থেকেও শোনা যায়। আর রেগে গেলে ৮-১০ জন মিলেও সামলানো যায় না। গাছের সাথে মোটা দড়ি প্যাঁচাইয়া ধইরা রাখতে হয়। এত বড় গরু পটুয়াখালী জেলায় আর আছে কিনা সন্দেহ। স্থানীয় বাসিন্দা সানোয়ার হাওলাদার বলেন, প্রতিদিন এই গরুটি দেখতে বিভিন্ন এলাকা থেকে মানুষ ছুটে আসেন। গরুটির শরীর একদম তেলের মত চকচকে। আমি কখনও এত বড় গরু দেখিনি। আশা করি সোহাগ এই গরুটি ভালো দামে বিক্রি করতে পারবে। আরেক বাসিন্দা মাহমুদ হাসান বলেন, প্রায় ৭-৮ বছর ধরে গরুটিকে আমাদের সোহাগ ভাই লালন পালন করে আসছেন। কিন্তু এখন তিনি গরুটি বিক্রি করবেন এটা ভাবতে আমাদেরও খারাপ লাগে। কী আর করবেন, তারও তো চলতে হবে। শুনেছি গরুটির লালন-পালনে অনেক খরচ। মুরাদ নামে স্থানীয় আরেক বাসিন্দা বলেন, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে উপহার দেওয়া হয়েছিল এই গরুটি। তিনি সেটি গ্রহণ করে আবার সোহাগ ভাইকে উপহার হিসেবে দিয়েছেন। এই গরুটি যিনি কিনবেন সে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার উপহার দেওয়া স্মৃতি পাচ্ছে এটা সৌভাগ্যের ব্যপার। কৃষক সোহাগ মিয়ার স্ত্রী সুলতানা বেগম বলেন, আমার ২টা সন্তান। তার পাশাপাশি কালো মানিকও আমার আরেক সন্তান। ৭ বছর ধরে সন্তানের মত আদর দিয়ে ওরে বড় করছি। কিন্তু এখন ওরে বিক্রি করে দিব। এত বছর পালছি। প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ওর দেখাশোনা করছি। কী আর করার, বর্তমানেও প্রতিদিন ১০০-১২০০ টাকা খরচ হয় শুধু ওর পেছনে। তাই ভাবছি এটা বিক্রি করে আমাগো ঘর তুলমু সংসারের অন্য কাজে লাগামু। এরপর আমাদের দেশনেত্রী বেগম খালেদা জিয়ার জন্য একটা মিলাদও দিমু। কৃষক সোহাগ মৃধা বলেন, আমার অনেক ইচ্ছা আছিল আমার মা দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে গরুটি উপহার দিব। গতবছর তার জন্য এটি নিয়ে ঢাকায় যাই। নেত্রী আমাদের উপহারটি গ্রহণ করে আবার খুশি হইয়া আমার ছোট্ট ছেলেকে দিয়া দিছেন। আমরা প্রায় ৭০ জন মানুষ গরু নিয়া গেছিলাম ঢাকার গুলশানে। সেখানে আমাদের নানান খাবার দিয়ে আপ্যায়ন করা হইছে। আমরা খুব ই খুশি হইছি। তিনি আরও বলেন, পাশের চৈতা এলাকা থেকে গরুটির মাকে কিনেছিলাম। তার বাছুর এই কালো মানিক, ছোটবেলায় এই নামটি দিয়েছি। ৭ বছর ধরে ওরে লালন-পালন করছি। নিজ সন্তানের মত আগলাইয়া রাখছি। ওরে ঘাস, ভুষিসহ সব প্রাকৃতিক খাবার খাওয়াইছি তাই এত বড় হইছে। বর্তমানে প্রতিদিন অনেক টাকা খরচ হয় ওরে খাওয়াইতে। তাছাড়াও পরিবারে স্বচ্ছলতা ফেরাতে এখন গরুটি বিক্রি করে দিব। এরপর সেই টাকায় আমার মা দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নামে বড় করে মিলাদও দিমু। গরুটির দাম চাইছি ২২ লাখ টাকা। যে কিনবে তারে খুশি হইয়া সাথে প্রায় ৫০-৬০ হাজার টাকা দামের একটা ছাগলও দিব। গরুটি যে কিনবে সে জিতবে। এ বিষয়ে পটুয়াখালী জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হাবিবুর রহমান বলেন, 'কৃষক সোহাগ মৃধাকে ষাঁড়টি পালনে শুরু থেকেই উপজেলা প্রাণিসম্পদ অফিস থেকে নানা পরামর্শ ও সহযোগিতা দেওয়া হয়েছে। তাছাড়া আসন্ন কোরবানি উপলক্ষ্যে গরুটি বিক্রির জন্য তাকে ঢাকার বড় পশুর হাটে নেওয়ার জন্যও আমরা পরামর্শ দিয়েছি। আশা করি সে ভালো দাম পাবে।'

## আমতলীতে জেলেদের মাঝে

মো. জসিম মালাকার, ও মো.হাবিবুর রহমান, মৎস্য অফিসের প্রতিনিধি মো. হিমেল প্রমুখসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। আমতলী সদর ইউনিয়ন পরিষদ প্রশাসক ও উপজেলা সমাজসেবা অফিসার মো. মঞ্জুরুল হক কাওসার বলেন, আমতলী সদর ইউনিয়নের সরকার ঘোষিত ৫৮ দিন সামুদ্রিক মাছ আহরণে বিরত থাকা জেলেদের মাঝে খাদ্য সহায়তার ৭৭.৩০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।

## রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে

পানি এনে ব্যবহার করছেন। এতে সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন ভর্তি রোগীরা। রোগীর স্বজনদের অভিযোগ, গত চার দিন ধরে গোসল, টয়লেট ব্যবহার ও প্রয়োজনীয় পরিষ্কার-পরিচ্ছন্নতায় অবর্ণনীয় ভোগান্তি সৃষ্টি হয়েছে। এতে রোগীদের কষ্টের সাথে বেড়েছে স্বাস্থ্যঝুঁকি। সংশ্লিষ্টরা জানিয়েছে, নতুন পাম্প স্থাপন না করায় সমস্যার স্থায়ী সমাধান মেলেনা। তবে, পুকুরের পানি ব্যবহারে রোগীরা রয়েছে মারাত্মক স্বাস্থ্যঝুঁকিতে। স্বাস্থ্য অধিদপতরকে জানানোয় পানির পাম্পটি রিপ্লেস কারা হলেও, পানির স্তর নিচে নেমে যাওয়ায় মিলছেনা পানি। ৫৫বছরের পুরানো পাম্পটি এর আগে ২বার পুড়ে যায়। সমস্যা সমাধানে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেছে সংশ্লিষ্টরা।

## বাকেরগঞ্জ কৃষি অফিসের তিন

বিতরণে স্বজনপ্রীতি করে আসছেন এবং নির্দিষ্ট কিছু ব্যক্তিকে বিশেষ সুবিধা দিয়ে প্রকৃত কৃষকদের বঞ্চিত করছেন। মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, আওয়ামী লীগপন্থি কিছু ইউনিয়ন পরিষদ সদস্যের মাধ্যমে প্রণোদনার তালিকা তৈরি করে আর্থিক সুবিধার বিনিময়ে অনিয়ম করা হয়েছে। তারা বলেন, বিভিন্ন সরকারি প্রকল্পের আওতায় বরাদ্দকৃত কৃষি সহায়তা প্রকৃত কৃষকদের কাছে না পৌঁছে একটি প্রভাবশালী মহলের মাধ্যমে বণ্টন করা হয়েছে। কৃষকদের অভিযোগ, সরকারি প্রণোদনা পাওয়ার জন্য কৃষি অফিসে গেলে তাদের কাছ থেকে অর্থ দাবি করা হয়। এছাড়া চলমান বিভিন্ন কৃষি উন্নয়ন প্রকল্প তেল ফসল উন্নয়ন, পার্টনার প্রকল্প, চর উন্নয়ন ও ক্লাইমেট প্রকল্পসহ বিভিন্ন কর্মসূচির প্রদর্শনী কার্যক্রম বাস্তবে বাস্তবায়ন না করেই বরাদ্দের অর্থ আত্মসাতের অভিযোগও তোলেন তারা। মানববন্ধনে উপস্থিত ছিলেন পৌর কৃষকদলের সভাপতি ইউনুস আলী, হাবিব খান, রাবেয়া, রমিজ খান, মনিরুল ইসলামসহ শতাধিক কৃষক। মানববন্ধনে অংশগ্রহণকারীরা দ্রুত অভিযুক্ত তিন কর্মকর্তার অপসারণ এবং প্রকৃত কৃষকদের মাঝে স্বচ্ছতার সঙ্গে সরকারি প্রণোদনা বিতরণের দাবি জানান। এ বিষয়ে অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মো. রাসেল সিকদার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা উৎপাল চন্দ্র দাস ও মো. মঞ্জুরুল ইসলাম অভিযোগ অস্বীকার করে বলেন আমাদের বিরুদ্ধে এই অভিযোগ সত্য নয়।উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ ইসা বলেন আমি চলতি মাসে যোগদান করেছি ,এবিষয় আমার জানা নেই।

## এমপিকে কটূক্তির মামলা: থানায় আসামির

ঘটনায় পাদ্রীশিবপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মো. ফারুক মৃধা বাদী হয়ে বরিশাল সাইবার ট্রাইব্যুনালে সাইবার নিরাপত্তা আইনে একটি মামলা করেন। মামলার প্রধান আসামি লায়ন নিলয় পারভেজকে শনিবার বিকেলে পুলিশ ঢাকা থেকে গ্রেপ্তার করে। একই দিন রাতে নিলয় পারভেজকে ঢাকা থেকে একটি সাদা মাইক্রোবাসে বাকেরগঞ্জ থানায় নিয়ে এলে রাত ৯টার দিকে তাঁকে মাইক্রোবাস থেকে নামানোর সময় যুবদল ও ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মী হামলা করেন। নিলয়ের ওপর ডিম নিক্ষেপ করেন তাঁরা। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করে আসামিকে গারদে পাঠায়। তবে বাকেরগঞ্জ পৌর যুবদলের আহ্বায়ক আতাউর রহমান রোমান সাংবাদিকদের বলেন, তাঁদের দল ও সংগঠনের কেউ এই ঘটনায় জড়িত নয়। তিনি দাবি করেন, ওই আসামি নানাভাবে প্রতারণা করে মানুষের টাকা হাতিয়ে নেওয়ায় প্রতারিত ব্যক্তিরা ক্ষোভ প্রকাশ করেছেন। এখানে যুব ও ছাত্রদলের কোনো নেতা-কর্মী ছিলেন না। এ ব্যাপারে বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আদিল হোসেন জানান, আদালতের নির্দেশে থানায় এজাহারকৃত একটি মামলায় নিলয়কে গ্রেপ্তার করা হয়েছে। তবে তাঁকে থানায় নিয়ে এলে কিছু বিক্ষুব্ধ জনতা তাঁকে লাঞ্ছিত করার চেষ্টা করে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণ করে আসামিকে নিরাপত্তা হেফাজতে নিয়েছে।

## এশিয়াকে চিরতরে বদলে

কঠিন বাস্তবতার মুখোমুখি। বিশ্লেষকদের মতে, এই সংকট শুধু সাময়িক নয়; বরং এটি এশিয়ার জ্বালানি নীতি, আঞ্চলিক সম্পর্ক ও অর্থনৈতিক কাঠামো দীর্ঘমেয়াদে বদলে দিতে পারে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাধারণত জনগণের কাছে যে আহ্বান জানান, ভারতীয়রা তা অনুসরণ করার চেষ্টা করেন। করোনা মহামারির সময় তিনি মানুষকে ঘরে থাকতে এবং স্বাস্থ্যকর্মীদের সমর্থনে থালা-বাসন বাজাতে বলেছিলেন। দেশজুড়ে মানুষ তা পালনও করেছিল। গত ১০ মে মোদী আবারও ভারতীয়দের সংযমের আহ্বান জানান। তিনি সম্ভব হলে বাসা থেকে কাজ করতে ও বিদেশ সফর কমাতে অনুরোধ করেন। মোদীর এই আহ্বান এসেছে ইরান যুদ্ধের কারণে সৃষ্ট জ্বালানি সংকটের প্রেক্ষাপটে। উদ্ভূত পরিসস্থিতিতে চার বছরের মধ্যে প্রথমবারের মতো বাড়াতে বাধ্য হয় তার সরকার। তবে শুধু ভারত নয়, এশিয়ার আরও অনেক দেশ এখন নাগরিকদের ব্যয় কমাতে বলছে। থাইল্যান্ড ও ফিলিপাইনের মতো দেশগুলো শুরুতেই জ্বালানি ব্যবহার নিয়ন্ত্রণের উদ্যোগ নিয়েছিল। কিন্তু এখন সেগুলোও ঝুঁকিপূর্ণ অবস্থায় প্রবেশ করেছে। যুদ্ধের প্রভাব অঞ্চলটির অর্থনীতি ও রাজনীতিকে ওলটপালট করে দেওয়ার আশঙ্কা তৈরি করেছে। যেসব দেশে জ্বালানির দামে সরকারি নিয়ন্ত্রণ নেই, যেমন পাকিস্তান ও ফিলিপাইন- সেখানে দাম হু হু করে বেড়েছে। তবে সবচেয়ে বড় উদ্বেগ এখন সরবরাহ ঘাটতি নিয়ে। খবরে বলা হয়েছে, ইন্দোনেশিয়ার হাতে মাত্র তিন সপ্তাহের জ্বালানি মজুত রয়েছে। ভিয়েতনামের মজুত এক মাসেরও কম। উপসাগরীয় অঞ্চল থেকে আমদানি করা প্রাকৃতিক গ্যাসের ওপর নির্ভরশীল পাকিস্তান ও বাংলাদেশে দীর্ঘ সময় ধরে বিদ্যুৎ বিভ্রাট চলছে। গ্রামীণ এলাকার অনেক পেট্রোল পাম্পে জ্বালানি শেষ হয়ে যাচ্ছে। বাংলাদেশের কৃষক মিজানুর রহমান বলেন, রাত ২টায় ঘুম থেকে উঠি, অনেক সময় ২ লিটার ডিজেল পেতে ২৪ ঘণ্টা অপেক্ষা করতে হয়। তার এই অভিজ্ঞতা দেখাচ্ছে, কৃষিখাতে সংকট কতটা গভীর হয়েছে। ডিজেলের পাশাপাশি কৃষকরা এখন সারের সংকটেও পড়েছেন। ইউরিয়ার দাম যুদ্ধ শুরুর পর থেকে ৫০ শতাংশ বেড়েছে। এই সারটির বড় অংশই উপসাগরীয় অঞ্চলে উৎপাদিত হয়। এশিয়ার লাখ লাখ ধানচাষি এরই মধ্যে ধান রোপণ শুরু করলেও ব্যয় বেড়ে যাওয়ায় অনেকে পরিকল্পনা কমিয়ে দিচ্ছেন। ফিলিপাইনের ইন্টারন্যাশনাল রাইস রিসার্চ ইনস্টিটিউটের গবেষক ড. আলিশের মিরজাবায়েভ বলেন, এই মুহূর্তে চাল উৎপাদন লাভজনকতার সংকটে আছে। কিন্তু যুদ্ধ দীর্ঘ হলে এটি খাদ্যনিরাপত্তার সংকটে পরিণত হবে।

## ইরানের শর্তের জবাবে বিপরীত

করছে ওয়াশিংটন প্রশাসন। রোববার (১৭ মে) ইরানের সংবাদ সংস্থা ফার্স এ তথ্য জানিয়েছে। সংস্থাটির প্রতিবেদনে বলা হয়, ইরানের ভূখণ্ডে বোমা হামলায় সৃষ্ট ক্ষয়ক্ষতির জন্য কোনো ধরনের ক্ষতিপূরণ দিতে রাজি নয় যুক্তরাষ্ট্র। এছাড়া ওয়াশিংটনের দাবি, ৪০০ কেজি সমৃদ্ধ ইউরেনিয়াম ইরান থেকে যুক্তরাষ্ট্রে সরিয়ে নিতে হবে এবং ইসলামি প্রজাতন্ত্র মাত্র একটি কার্যকর পারমাণবিক স্থাপনা রাখতে পারবে। প্রতিবেদনে আরও বলা হয়, ইরানের জব্দ করা সম্পদের ২৫ শতাংশের বেশি মুক্ত করতে চায় না যুক্তরাষ্ট্র। একই সঙ্গে লেবাননসহ সব ফ্রন্টে যুদ্ধ বন্ধের বিষয়টি আলোচনার মাধ্যমেই সমাধান করতে হবে বলেও নিজেদের অবস্থান স্পষ্ট করেছে ওয়াশিংটন। ফার্স-এর প্রতিবেদন অনুযায়ী, ইরান যে পাঁচটি শর্ত দিয়েছে তার মধ্যে রয়েছে- ১. সব ফ্রন্টে যুদ্ধ বন্ধ করা (বিশেষ করে লেবাননে) ২. ইরানের ওপর মার্কিন নিষেধাজ্ঞা প্রত্যাহার ৩. জব্দ করা ইরানি সম্পদ মুক্ত করা ৪. যুদ্ধের ক্ষতিপূরণ প্রদান ও ৫. হরমুজ প্রণালির ওপর ইরানের সার্বভৌম অধিকার স্বীকৃতি দেওয়া। সূত্রটি আরও জানায়, যুদ্ধবিরতির পরও আরব সাগর ও ওমান উপসাগরে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ অব্যাহত থাকায় যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার ব্যাপারে তেহরানের অবিশ্বাস আরও বেড়েছে। পাকিস্তানি মধ্যস্থতাকারীদের কাছে এমন বার্তা পাঠিয়েছে ইরান। উল্লেখ্য, জেনেভা শহরে আলোচনা চলা অবস্থায় গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালায় মার্কিন-ইসরায়েলি যৌথবাহিনী। এতে আয়াতুল্লাহ আলি খামেনিসহ বেশ কয়েকজন শীর্ষ কর্মকর্তা নিহত হন। এর প্রতিবাদে টানা ৩৯ দিনে ইসরায়েল ও মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে ১০০ দফা হামলা চালায় ইরান। এরপর ইরানের ১০ দফা প্রস্তাবের ভিত্তিতে ৭ এপ্রিল যুদ্ধবিরতির প্রস্তাব দেন ট্রাম্প। পাকিস্তানের মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হয় এবং ১১ এপ্রিল ইসলামাবাদে সরাসরি বৈঠক করেন দুই দেশের প্রতিনিধিরা।

## চাঁদাবাজি-ব্ল্যাকমেইলে অভিযুক্ত বহিষ্কৃত

খান। এরপর থেকেই তিনি প্রকাশ্যে অস্ত্র প্রদর্শন করে মামলার বাদী, সাক্ষী ও ভুক্তভোগীদের ভয়ভীতি ও প্রাণনাশের হুমকি দিচ্ছেন। এতে পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে একটি সংঘবদ্ধ চক্র এলাকায় সন্ত্রাস, চাঁদাবাজি ও ব্ল্যাকমেইলের মাধ্যমে সাধারণ মানুষকে জিম্মি করে রেখেছে। মামলা হওয়ার পরও ভুক্তভোগীরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। দ্রুত আজাহার খানকে পুনরায় গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনার দাবি জানান তারা। অন্যথায় আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন আন্দোলনকারীরা। মানববন্ধনে কাফনের কাপড় পরে অংশ নেওয়া ভুক্তভোগী মিজানুর রহমান বলেন, আমাদের অভিযোগের পর পুলিশ আজাহারকে গ্রেফতার করলেও অল্প সময়ের মধ্যেই সে জামিনে বের হয়ে আবার অস্ত্রের মহড়া দিচ্ছে। সন্ত্রাসীদের ভয়ে আমি বাড়িঘর ছেড়ে আত্মগোপনে আছি। আমি চাই দ্রুত তাকে গ্রেফতার করে বিচার নিশ্চিত করা হোক। তিনি আরও অভিযোগ করেন, হাজিরহাট বন্দরের বহু ব্যবসায়ীর কাছ থেকে অস্ত্রের ভয় দেখিয়ে বিপুল পরিমাণ চাঁদা আদায় করা হয়েছে। আরেক ভুক্তভোগী মোহাম্মদ শহীদুল ইসলাম বলেন, আমাকে কৌশলে ডেকে নিয়ে আপত্তিকর ভিডিও ধারণ করা হয়। পরে সেই ভিডিও ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে মোটা অঙ্কের টাকা আদায় করা হয়েছে। আমি এই চক্রের সবার বিচার চাই। স্থানীয়রা জানান, আজাহার খান আদাবাড়িয়া ইউনিয়ন বিএনপির সহ-সভাপতির দায়িত্বে ছিলেন। তবে ঘটনার পর জেলা বিএনপি তাকে দল থেকে বহিষ্কার করেছে। এর আগে হানি ট্র্যাপের মাধ্যমে আপত্তিকর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল ও চাঁদাবাজির অভিযোগে ১৩ মে রাতে পটুয়াখালী সদর থানা পুলিশ আজাহার খান, কবির হোসেন ও রাসেল তালুকদারকে আটক করে। পরে তদন্তে প্রাপ্ত তথ্য-প্রমাণের ভিত্তিতে তাদের গ্রেফতার দেখানো হয়। পুলিশ জানিয়েছে, অভিযুক্তরা পরিকল্পিতভাবে হানি ট্র্যাপের ফাঁদে ফেলে একাধিক ব্যক্তির কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে।

## ট্রলার ভাঙচুরের অভিযোগ

এলাকার বেল্লাল মোসলমান (৪৫) ও কামরুল মোসলমান (৩৫) তার কাছে আসেন। তারা জোরপূর্বক মাছ ক্রয় করার চেষ্টা করেন বলে অভিযোগ করেন মনির। পরে মাছের ন্যায্যমূল্য দাবি করলে অভিযুক্তরা ক্ষিপ্ত হয়ে লাঠিসোটা ও লগি-বৈঠা দিয়ে তাকে এলোপাতাড়ি মারধর করেন। এতে তার শরীরের বিভিন্ন স্থানে গুরুতর আঘাত লাগে। একপর্যায়ে হামলাকারীরা ধারালো দা-ছেনা নিয়ে তেড়ে আসে এবং প্রাণনাশের হুমকি দেয় বলেও অভিযোগে উল্লেখ করা হয়। এ সময় মনিরের মাছ ধরার ট্রলার ভাঙচুর করে ক্ষতিসাধন করা হয় বলে জানান তিনি। স্থানীয় সূত্র জানায়, অভিযুক্ত কামরুল হাওলাদার একসময় ধুলিয়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ছিলেন। পরে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে তিনি জামায়াতে ইসলামীর রাজনীতিতে যুক্ত হন। ভুক্তভোগী মনির হাওলাদার অভিযোগ করেন, অভিযুক্তরা প্রভাবশালী হওয়ায় তিনি ও তার পরিবার চরম নিরাপত্তাহীনতায় রয়েছেন। হাসপাতাল থেকে ফেরার পরও বিভিন্নভাবে ভয়ভীতি ও হুমকি দেওয়া হচ্ছে। নদীতে মাছ ধরতে গেলে জাল ও ট্রলার ছিনিয়ে নেওয়া এবং তাকে গুম কিংবা হত্যা করার হুমকিও দেওয়া হচ্ছে বলে দাবি করেন তিনি। এ বিষয়ে বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ ঘটনার পর তেঁতুলিয়া নদী তীরবর্তী জেলে পল্লীতে আতঙ্ক বিরাজ করছে। স্থানীয় জেলেরা নদীতে নিরাপদে মাছ ধরার পরিবেশ নিশ্চিত করতে প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন।

## প্রকৃতি যেন নিজেকে উজার করে সৌন্দর্য

দিয়ে কয়েক কিলো পূর্বদিকে মটরসাইকেল কিংবা যেকোন যানবাহনযোগে আসা যায় গঙ্গামতি স্পটে। গঙ্গামতি বীচ পয়েন্ট থেকে রওয়ানা হলেই একপাশে বিশালাকার সাগর আর অপরপাশে রয়েছে সাড়ি সাড়ি ঝাঁউবন। এর মাঝখানে লাল কাকড়ার চর। সাগরের গর্জন আর লাল কাকড়ার লুকোচুড়ি দেখতে দেখতেই চলে আসবে কাংখিত "মিনি সুইজারল্যান্ড"। তবে, দূর্গম যাতায়ত, পর্যটকদের ওয়াশ রুম এবং খাবার সংকটের নিরসন করা এখন সময়ের দাবী। পটুয়াখালী থেকে ঘুরতে আসা পর্যটক নাঈমুর রহমান, সাইফুল ইসলাম ও স্থানীয় রুবেল খলিফা জানান, মিনি সুইজারল্যান্ডে ঘুরতে এসে তাদের খুব ভালো লাগছে। পড়ন্ত বিকেলে সমুদ্রের গর্জন এবং প্রাকৃতিক দৃশ্য মনোমুগ্ধকর। তবে, ওয়াশ রুম ও খাবারের ব্যবস্থা করা দরকার বলে তারা জানান। মিনি সুইজারল্যান্ডের ব্যবসায়ী তরিকুল বলেন, সরাসরি সড়ক ব্যবস্থা না থাকায় সমুদ্রের পাড় দিয়ে এখানে আসতে হয়। এতে বর্ষা মৌসুমে পর্যটকদের আসতে খুব অসুবিধা হয়। এসময় স্পটটি প্রায় পর্যটক শূন্য থাকে। এছাড়া, ওয়াশ রুমের অভাবে চরম ভোগান্তিতে পরতে হয় নারী পর্যটকদের। সরকারি পৃষ্ঠপোষকতায় সড়ক ব্যবস্থা, ওয়াশরুম এবং খাবার হোটেলের ব্যবস্থা করলে মিনি সুইজারল্যান্ড একটি অন্যতম পর্যটন কেন্দ্র হিসেবে দেশ ও বিদেশে ব্যাপক পরিচিতি পাবে বলে দাবী করেন তিনি। এ বিষয়ে কলাপাড়া উপজেলা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. কাউছার হামিদ বলেন, কুয়াকাটা সীবিচ এবং মিনি সুইজারল্যান্ডসহ সবগুলো পর্যটন স্পট উন্নতিকরনে সরকারি পরিকল্পনা রয়েছে। খুব অল্প সময়ের মধ্যেই এসকল কাজ শুরু হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

## চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য

হয়ে উঠেছে বলে অভিযোগ উঠেছে। চিকিৎসা নিতে আসা এক রোগীর স্বজন ইউনুছ বলেন, 'সকালে বাচ্চাকে ঠান্ডাজনিত সমস্যা নিয়ে হাসপাতালে এনেছি। কিন্তু দীর্ঘ সময় পার হলেও বিছানার চাদর পাইনি। কয়েকবার বলার পরও কেউ গুরুত্ব দেয়নি।' একই ধরনের অভিযোগ করেন আহাম্মদপুর এলাকার ইব্রাহীম। তিনি বলেন, 'আমরা উন্নত চিকিৎসার সামর্থ্য না থাকায় সরকারি হাসপাতালে আসি। কিন্তু এখানে সেবার মান খুবই খারাপ। প্রয়োজনে নার্স ডাকলেও অনেক সময় কোনো সাড়া পাওয়া যায় না।' আরেক রোগীর স্বজন ক্ষোভ প্রকাশ করে বলেন, 'হাসপাতালের পরিবেশ এতটাই খারাপ যে, সুস্থ মানুষও এখানে এসে অসুস্থ হয়ে যেতে পারে।' চরফ্যাশন পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা দুলাল আখন বলেন, 'আমার মেয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় হাসপাতালে নিয়ে আসি। কিন্তু এখানে এসে দেখলাম সেবার মান এতটাই খারাপ, যা কল্পনাও করা যায় না। যারা দায়িত্বে আছেন, তারা রোগীদের কথার কোনো গুরুত্ব দিচ্ছেন না।' তিনি আরও বলেন, 'আমি যদি সচেতন নাগরিক হয়েও সঠিক সেবা না পাই, তাহলে সাধারণ মানুষের অবস্থা কী হতে পারে?' রোগী ও স্বজনদের দাবি, হাসপাতালের সেবার মান দ্রুত উন্নয়ন, প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ এবং পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ প্রয়োজন। এ বিষয়ে চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শোভন কুমার বসাক বলেন, 'মাঝেমধ্যে আমাদের নানা সমস্যার মধ্যে পড়তে হয়। হাসপাতালটি ১০০ শয্যায় উন্নীত হলেও বর্তমানে ৫০ শয্যার বেড দিয়েই কার্যক্রম পরিচালিত হচ্ছে। এখনো ১০০ শয্যার প্রয়োজনীয় সরঞ্জাম আমরা পাইনি।' তিনি আরও বলেন, 'উপজেলা পরিষদে স্বাস্থ্য খাতের জন্য বরাদ্দ থাকার কথা থাকলেও এখন পর্যন্ত আমরা কোনো বরাদ্দ পাইনি। প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা পেলে স্বাস্থ্যসেবার মান আরও উন্নত করা সম্ভব হতো।'

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ১৮ মে ২০২৬ ॥ ০৪ জ্যৈষ্ঠ ১৪৩৩

## ইরানের শর্তের জবাবে বিপরীত পাঁচটি শর্ত দিয়েছে যুক্তরাষ্ট্র

**কীর্তনখোলা ডেস্ক**

যুদ্ধ বন্ধে সর্বশেষ যুক্তরাষ্ট্রকে পাঁচ শর্ত দিয়েছিল ইরান। এর জবাবে যুক্তরাষ্ট্র ইরানের সামনে ওই শর্তের বিপরীত নিজস্ব পাঁচটি শর্ত দিয়েছে। মার্কিন এই পাঁচ শর্ত দুই দেশের মধ্যে শান্তি প্রক্রিয়া চালিয়ে যেতে প্রয়োজনীয় বলে মনে ৩ এর পাতায় দেখুন

## এশিয়াকে চিরতরে বদলে দেবে ইরান যুদ্ধ

**কীর্তনখোলা ডেস্ক**

ইরান যুদ্ধ ঘিরে তৈরি হওয়া জ্বালানি সংকট এশিয়ার অর্থনীতি ও রাজনীতিকে গভীরভাবে নাড়িয়ে দিচ্ছে। জ্বালানির দাম বৃদ্ধি, সরবরাহ ঘাটতি, বিদ্যুৎ সংকট, কৃষি উৎপাদন কমে যাওয়া ও মূল্যস্ফীতির চাপে এশিয়ার বহু দেশ এখন ৩ এর পাতায় দেখুন



## প্রকৃতি যেন নিজেকে উজার করে সৌন্দর্য বিলিয়ে দিয়েছে "মিনি সুইজারল্যান্ডে"

**নাহিদুল হক, কলাপাড়া**

প্রকৃতি যেন নিজেকে উজাড় করে সৌন্দর্য বিলিয়ে দিয়েছে এইখানে। বিস্তীর্ণ এলাকাজুড়ে বালুর মাঠ। রয়েছে সাড়ি সাড়ি ঝাঁউ গাছের বাহারি বাগান। লাল কাকড়ার ছুটোছুটি। এক পাশ দিয়ে বয়ে গেছে মন উজার করা নান্দনিক লেক। অন্য পাশে সাগরের ঢেউ এসে আছড়ে পড়ছে কিনারায়। দেখতে মনে হয়, "এযেন সুইজারল্যান্ড"। সবমিলিয়ে অপার সৌন্দর্যের এ জায়গাটির নাম দিয়েছে স্থানীয়রা মিনি সুইজারল্যান্ড। ইতিমধ্যে কুয়াকাটায় ঘুরতে আসা পর্যটকদের কাছে অত্যান্ত আকর্ষণীয় একটি স্পট হিসেবে গড়ে উঠেছে। তবে, সরকারের পৃষ্ঠপোষকতায় এটি আরো নান্দনিক স্পট হিসেবে গড়ে উঠবে এমনটাই মনে করছেন পর্যটকসহ স্থানীয়রা। জানা যায়, সাগরকন্যা কুয়াকাটার পূর্বদিকে গঙ্গামতি বীচ পয়েন্ট এলাকায় এর অবস্থান। কুয়াকাটা বেড়ীবাঁধ ৩ এর পাতায় দেখুন

## এমপিকে কটূক্তির মামলা: থানায় আসামির ওপর ছাত্রদল-যুবদলের হামলার অভিযোগ

**বাকেরগঞ্জ প্রতিনিধি**

বরিশালের বাকেরগঞ্জে পুলিশের উপস্থিতিতে গ্রেপ্তার আসামি লায়ন নিলয় পারভেজের ওপর ছাত্রদল, যুবদলের নেতা-কর্মীরা হামলা করেছেন। এ সময় আসামিকে গালিগালাজ ও ভিডিও ধারণ করে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ উঠেছে। শনিবার রাতে বাকেরগঞ্জ থানার ভেতর এই ঘটনা ঘটে। জানা গেছে, গ্রেপ্তার লায়ন নিলয় পারভেজ স্থানীয় বিএনপির অনুসারী এবং আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে একজন সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী। তিনি পেশায় ব্যবসায়ী বলে জানা গেছে। উপজেলার নিয়ামতি ইউনিয়নের হজরত আলীর ছেলে লায়ন নিলয় পারভেজ ফেসবুকে স্থানীয় সংসদ সদস্য আবুল হোসেন খানকে 'কটূক্তি' করে বিভিন্ন ছবি ও ভিডিও পোস্ট করেছেন বলে অভিযোগ রয়েছে। এই ৩ এর পাতায় দেখুন

## খালেদা জিয়াকে উপহার দেওয়া ষাঁড়টি এবার কোরবানীর হাটে, দাম ২২ লাখ

**পটুয়াখালী প্রতিনিধি**



পটুয়াখালীর মির্জাগঞ্জে এখন যেন উৎসবের আমেজ। প্রতিদিন দূর-দূরান্ত থেকে মানুষ ছুটে আসছেন এক নজর বিশালাকৃতির কালো ষাঁড় "কালো মানিক"-কে দেখতে। চকচকে কালো শরীর, বিকট হাম্বা ডাক আর প্রায় ৪৪ মণ ওজনের এই গরুটির কেউ ছবি তুলছেন, কেউ ভিডিও করছেন, আবার কেউ বিস্ময়ে তাকিয়ে দেখছেন তার বিশাল দেহ। একসময় বিএনপির চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী প্রয়াত খালেদা জিয়াকে উপহার দেওয়া হয়েছিল এই গরুটি। খালেদা জিয়া উপহার গ্রহণ করে কৃষক সোহাগ মিয়াকেই তার পরিবারের স্বচ্ছলতা ফেরাতে উপহার হিসেবে গরুটি দিয়ে দেন। এবার আসন্ন পবিত্র ঈদুল আজহাকে সামনে ৩ এর পাতায় দেখুন




## বাকেরগঞ্জ কৃষি অফিসের তিন কর্মকর্তার বিরুদ্ধে মানববন্ধন

**বাকেরগঞ্জ প্রতিনিধি**

বাকেরগঞ্জ উপজেলা কৃষি অফিসের তিন কর্মকর্তার বিরুদ্ধে স্বজনপ্রীতি, প্রণোদনা বিতরণে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে মানববন্ধন করেছেন স্থানীয় কৃষকেরা। রবিবার বেলা ১১টার দিকে উপজেলা কৃষি অফিসের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। অভিযোগের তীর উঠেছে উপজেলা কৃষি অফিসের উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মো. রাসেল সিকদার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা উৎপাল চন্দ্র দাস ও মো. মঞ্জুরুল ইসলামের বিরুদ্ধে।মানববন্ধনে অংশ নেওয়া কৃষকদের দাবি, দীর্ঘদিন ধরে এই তিন কর্মকর্তা সরকারি কৃষি প্রণোদনা ৩ এর পাতায় দেখুন

## রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ৭ দিন ধরে পানি সরবরাহ বন্ধ

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টানা ৭ দিন ধরে পানি সরবরাহ বন্ধ। চরম দুর্ভোগে পড়েছেন রোগী, স্বজন এবং হাসপাতাল সংশ্লিষ্টরা। পানি সংকটের কারণে ব্যাহত হচ্ছে চিকিৎসাসেবা ও নিত্যপ্রয়োজনীয় স্বাস্থ্যবিধি রক্ষা কার্যক্রম। ৫০ শয্যার এই হাসপাতালে বর্তমানে শিশুসহ প্রায় ৮০ জন রোগী ভর্তি আছে। তবে, পানির পাম্প বিকল হয়ে সাত দিন ধরে নেই পানি সরবরাহ। বিষয়টি স্বাস্থ্য প্রকৌশল বিভাগকে জানানো হয়েছে এবং তারা ইতোমধ্যে পাম্প মেরামতের কাজ শুরু করেছে। পানি না থাকায়, রোগীর স্বজনরা দূরের নলকূপ ও পুকুর থেকে বালতিতে করে ৩ এর পাতায় দেখুন



## চাঁদাবাজি-ব্ল্যাকমেইলে অভিযুক্ত বহিষ্কৃত বিএনপি নেতার জামিনে বিক্ষোভ

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলে হানি ট্র্যাপ , চাঁদাবাজি, মাদক কারবার ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে গ্রেফতার হওয়া বহিস্কৃত বিএনপি নেতা আজাহার খানের জামিনে মুক্তির প্রতিবাদে বিক্ষোভ করেছেন ভুক্তভোগী ও স্থানীয় এলাকাবাসী। পরে তারা প্রশাসনের কাছে স্মারকলিপি দেন। রোববার (১৭ মে) সকাল সাড়ে ১০টার দিকে পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বাউফল উপজেলার আদাবাড়িয়া ইউনিয়নের সচেতন নাগরিকদের ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এসময় প্রতিবাদকারীরা কাফনের কাপড় পরে মানববন্ধনে অংশ নেন। পরে জেলা প্রশাসক বরাবর একটি স্মারকলিপি দেওয়া হয়। মানববন্ধনে অংশ নেওয়া স্থানীয়রা অভিযোগ করেন, হানি ট্র্যাপ ও চাঁদাবাজির মামলায় গ্রেফতারের মাত্র ২৪ ঘণ্টার মাথায় জামিনে বের হয়ে আসেন আজাহার ৩ এর পাতায় দেখুন

## বাউফলে জেলেকে পিটিয়ে আহত ট্রলার ভাঙচুরের অভিযোগ জামায়াত নেতার বিরুদ্ধে

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলে তেঁতুলিয়া নদীতে মাছ কেনাবেচাকে কেন্দ্র করে এক জেলেকে পিটিয়ে আহত ও মাছ ধরার ট্রলার ভাঙচুরের অভিযোগ উঠেছে স্থানীয় এক জামায়াত নেতাসহ দুইজনের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী জেলে বাউফল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। রোববার (১৭ মে) সকালে আহত জেলে মো. মনির হাওলাদার (৩৬) বাদী হয়ে বাউফল থানায় এ অভিযোগ করেন। তিনি উপজেলার ধুলিয়া ইউনিয়নের বাদ্যপাশা চর এলাকার ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। অভিযোগ সূত্রে জানা যায়, মনির হাওলাদার তেঁতুলিয়া নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করেন। রোববার সকাল ৬টার দিকে নদীতে মাছ ধরার সময় একই ৩ এর পাতায় দেখুন

## চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার মান নিয়ে ক্ষোভ

**চরফ্যাশন প্রতিনিধি**

ভোলার চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসাসেবার মান নিয়ে রোগী ও তাদের স্বজনদের মধ্যে চরম অসন্তোষ দেখা দিয়েছে। প্রয়োজনীয় সেবা, পরিচ্ছন্নতা ও মৌলিক সুবিধার অভাবে ভোগান্তিতে পড়ছেন চিকিৎসা নিতে আসা সাধারণ মানুষ। হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড ঘুরে রোগী ও স্বজনদের সঙ্গে কথা বলে জানা যায়, অনেক ক্ষেত্রে রোগীদের সময়মতো বিছানার চাদর, বালিশ ও প্রয়োজনীয় সেবা দেওয়া হচ্ছে না। এ ছাড়া ওয়ার্ডগুলোয় নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম না থাকায় পরিবেশও অস্বাস্থ্যকর ৩ এর পাতায় দেখুন

## ভাণ্ডারিয়া ভাঙ্গারি ব্যবসায়ীদের নিয়ে প্রশাসনের জরুরি সভা

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল রবিবার উপজেলা ও পৌরপ্রশাসনের উদ্যোগে পৌর অডিটরিয়ামে এ উপজেলার সকল ভাঙ্গারি ব্যবসায়ীদের সাথে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় ভাঙ্গারি ব্যবসা সুষ্ঠু ও নিয়মতান্ত্রিকভাবে পরিচালনার লক্ষ্যে সকল ভাঙ্গারি ব্যবসা প্রতিষ্ঠানকে সিসি ক্যামেরার আওতায় আনা। পাশাপাশি প্রতিটি দোকানে পণ্য ক্রয়-বিক্রয়ের রেজিস্টার সংরক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া সন্দেহজনক কোনো মালামাল ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়। আলোচনা সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো.হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার, পৌর সচিব মো. আনোয়ার হোসেন, ভাণ্ডারিয়া থানার উপ-পরিদর্শক কামরুজ্জামান, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আবুল কালাম মলাদ জমাদ্দারসহ ভাঙ্গারি ৩ এর পাতায় দেখুন



## আমতলীতে জেলেদের মাঝে খাদ্য সহায়তার চাল বিতরণ

**আমতলী প্রতিনিধি**

আমতলীতে সমুদ্রে ৫৮ দিন সামুদ্রিক মাছ আহরনে বিরত থাকা জেলেদের মাঝে খাদ্য সহায়তার চাল বিতরণ করা হয়েছে। রবিবার (১৭ মে) সকালে আমতলীর খুড়িয়াখেয়াঘাট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ৪ শত ৪০ জন জেলেকে জেলে প্রতি ৭৭.৩০ কেজি খাদ্য সহায়তার চাল বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন আমতলী সদর ইউনিয়ন পরিষদ প্রশাসক ও উপজেলা সমাজসেবা অফিসার মো. মঞ্জুরুল হক কাওসার। এসময় উপস্থিত ছিলেন, আমতলীর সদর ইউপির প্রশাসনিক কর্মকর্তা মো. জাকির হোসেন,প্যানেল চেয়ারম্যান মো. ফিরোজ খান তাপস, ইউপি সদস্য ৩ এর পাতায় দেখুন



## পবিপ্রবিতে কমপ্লিট শাটডাউন ও অবস্থান কর্মসূচিতে স্থবির ক্যাম্পাস

**পবিপ্রবি প্রতিনিধি**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) চলমান আন্দোলনের অংশ হিসেবে পঞ্চম দিনেও পূর্ণাঙ্গ কর্মবিরতি, অবস্থান কর্মসূচি ও 'কমপ্লিট শাটডাউন' পালন করেছেন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা। আন্দোলনকারীরা উপাচার্য ড. কাজী রফিকুল ইসলামের পদত্যাগ দাবি পুনর্ব্যক্ত করে তাকে কোনোভাবেই ক্যাম্পাসে প্রবেশ করতে না দেওয়ার ঘোষণা দিয়েছেন। রবিবার (১৭ মে) সকাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে সর্বস্তরের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা সমবেত হয়ে বিক্ষোভ সমাবেশ ও অবস্থান কর্মসূচি শুরু করেন। এ সময় উপাচার্য ও রেজিস্ট্রার ভবনসহ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরে তালা ২ এর পাতায় দেখুন

## ঝালকাঠিজুড়ে আমির হোসেন আমুর মুক্তি দাবিতে পোস্টার

**ঝালকাঠি প্রতিনিধি**




ঝালকাঠি জেলা শহরসহ নলছিটি ও কাঁঠালিয়া উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সাবেক মন্ত্রী, আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য ও ১৪ দলের মুখপাত্র আমির হোসেন আমুর মুক্তির দাবিতে পোস্টার সাঁটানো হয়েছে। গত দুই দিন ধরে জেলা শহরের বিভিন্ন সড়ক, আদালত প্রাঙ্গণ, বাজার এলাকা ও জনসমাগমস্থলে এসব পোস্টার মানুষের নজরে আসছে। স্থানীয় সূত্র জানায়, ঝালকাঠি জেলা শহরের পাশাপাশি নলছিটি উপজেলা সদর, প্রেস ক্লাব সংলগ্ন এলাকা এবং কাঁঠালিয়া উপজেলার গুরুত্বপূর্ণ কয়েকটি স্থানে পোস্টার দেখা গেছে। পোস্টারগুলোতে আমির হোসেন আমুর ছবি ব্যবহার করে 'নিঃশর্ত মুক্তি চাই' লেখা রয়েছে। পাশাপাশি তার রাজনৈতিক পরিচয়ও উল্লেখ করা হয়েছে। কে বা কারা এসব পোস্টার লাগিয়েছে তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। তবে স্থানীয়দের ধারণা, রাতের আঁধারে গোপনে পোস্টারগুলো সাঁটানো হয়েছে। এ ঘটনায় রাজনৈতিক অঙ্গনসহ সাধারণ মানুষের মধ্যে আলোচনা সৃষ্টি হয়েছে। ঝালকাঠি জেলা বিএনপির সদস্যসচিব অ্যাডভোকেট শাহাদাৎ হোসেন বলেন, রাতের আঁধারে আওয়ামী লীগের দোসররা পোস্টার লাগিয়েছে। আইনশৃঙ্খলা বাহিনী বিষয়টি তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিক। এ বিষয়ে ঝালকাঠি সদর থানার ওসি ইমতিয়াজ আহমেদ বলেন, বিষয়টি আমাদের নজরে ২ এর পাতায় দেখুন

## দেড় মাস জেলে থেকেও চাকরিতে আ.লীগ নেতা

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল নগরীর দেড় মাস জেল-হাজতে থেকেও শিক্ষক পদে বহাল রয়েছে ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সহসভাপতি কামাল উদ্দিন মোল্লা। জুলাই অভ্যুত্থানে ছাত্র-জনতার বিরুদ্ধে অবস্থানকারী এই নেতা নিয়মিত বেতন তুলছেন। স্কুলের প্রধান শিক্ষক ও সভাপতি মিলে বিষয়টি ধামাচাপা দিয়েছে বলে অভিযোগ রয়েছে। কামাল মোল্লা নগরীর রুইয়ার পোল এলাকার আক্রাম মোল্লার ছেলে ও নয়গাঁও মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি দীর্ঘদিন ধরে আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত। ২০২৪ সালে জুলাই অভ্যুত্থানে ছাত্র-জনতার বিরুদ্ধে অবস্থান নেওয়ায় একাধিক মামলার আসামি হন তিনি। মামলা দায়েরের পর কয়েকমাস ২ এর পাতায় দেখুন




কৃষিখাতে বাজেটের উন্নয়ন বরাদ্দের ৪০% দাবিতে সমাজতান্ত্রিক ক্ষেতমজুর ও কৃষক ফ্রন্টের জেলা প্রশাসক কার্যালয়ের সামনে মানববন্ধন -কীর্তনখোলা

## হাম ও হামের উপসর্গে প্রাণ গেলো আরও ৬ শিশুর

**কীর্তনখোলা ডেস্ক**

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে ৬ জন মারা গেছে। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি পাঁচজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। রোববার (১৭ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৭৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত ২ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম



কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com